জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মরক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০২০-২০২১/২৬০ তারিখ ঃ ০৩/০৯/২০২০

# সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১৪/০৯/২০২০ ইং তারিখ রোজঃ সোমবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২ বস্তির স্কুল গামী শিক্ষার্থীদের পৌরসভার পক্ষথেকে বিশেষ ব্যবস্থায় শিক্ষাদানের ব্যবস্থা করণ বিষয়ে আলোচনা।
৩। GAP বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি বিষয়ে আলোচনা এবং অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে আলোচনা।
৪। বিবিধ।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

..........................................................

..........................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ১৪-০৯-২০২০ইং
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | - |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভায় সভাপতি বিশেষ কারনে সভায় উপস্থিত থাকতে না পারায়, তাঁর অনুপস্থিতে এ কমিটির অন্যতম সদস্য মিসেস রোজী বেগম, কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা সভাপতিত্বে কমিটি সভা অনুষ্ঠিত হয়। তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

**সিদ্ধান্ত ঃ** সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

**২নং আলোচ্য বিষয় ঃ বস্তির স্কুল গামী শিক্ষার্থীদের পৌরসভার পক্ষথেকে বিশেষ ব্যবস্থায় শিক্ষাদানের ব্যবস্থা করণ বিষয়ে আলোচনা ।**

আলোচনা ঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, আপনারা অবগত আছেন আমাদের দেশে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব দেখা দেওয়ার পর থেকে অর্থাৎ মার্চ/২০২০ মাস থেকে শিক্ষা প্রতিষ্ঠান গুলো বন্ধ হয়ে আছে। বস্তি ও দরিদ্র এলাকার শিক্ষার্থীরা সুযোগ সুবিধার অভাবে বর্তমানে পরিচালিত অনলাইন ক্লাস এ তারা অংশগ্রহন করতে পারছে না, ফলে লেখাপড়ার তারা পিছিয়ে পড়ছে এবং বাসায় তাদেরকে শিক্ষক দিয়ে লেখাপড়ার করার মত অভিভাবকের আর্থিক সামর্থ্য না থাকায় শিশুরা লেখা পড়ার প্রতি বিমুখ হয়ে পড়ছে ও সংসারের অভাবের কারনে অর্থ আয়ের লক্ষ্যে শিশু শ্রমে জড়িয়ে পড়ছে। বিষয়টি নিয়ে সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা কলে কমিটির সদস্য জনাব শাম্মীম আজিজ বলেন, এ শিশুদের লেখাপড়া চালু রাখার জন্য পৌরসভা হতে প্রতিটি বস্তিতে বা নির্ধারিত কয়েকটি বস্তিতে একজনকে শিক্ষক হিসেবে নিয়োগ দিয়ে স্বাস্থ্যবিধি মেনে তাদের প্রতিদিন শিক্ষাদানের ব্যবস্থা করা যেতে পারে। এ প্রসঙ্গে এ কমিটির সদস্য সচিব মোঃ হাসানুজ্জামান বলেন, বিষয়টি এ কমিটির আলোচ্য সূচীতে অন্তভূক্ত হওয়ার পর, আমি মেয়র মহোদয়ের সাথে কথা বলেছি, মেয়র প্রতিটি বস্তিতে কি পরিমান ছাত্র-ছাত্রী আছে এবং কোন কোন শ্রেণীতে পড়ে, তার একটি তালিকা প্রস্তুতের জন্য বলেছেন। এ প্রসঙ্গে মোঃ সাহেদুল আহসান সোহেল বলেন, প্রাথমিক পর্যায়ে পাইলট ভিত্তিতে ২ থেকে ৩টি বস্তিতে শিক্ষক নিয়োগ করে এ কার্যক্রম পর্যবেক্ষন করা যেতে পারে। প্রসঙ্গক্রমে সভাপতি মহোদয় বলেন এ করোনা সময় যেন কোন শিক্ষার্থী স্কুল থেকে ঝরে না পরে, সে দিকে পৌরসভার পক্ষথেকে সজাগ দৃষ্টি রাখতে হবে।

**সিদ্ধান্তঃ** পৌরসভার মধ্যে অবস্থিত বস্তির গুলোতে বস্তি অনুযায়ী কতগুলো ছাত্র-ছাত্রী আছে এবং কোন কোন শ্রেণীতে পড়ে, তার একটি তালিকা প্রস্তুতের জন্য বস্তি উন্নয়ন কর্মকর্তা কে দায়িত্ব প্রদান করা হলো এবং করোনা কালীন সময়ের কারনে পৌর এলাকার শিক্ষার্থীরা স্কুল থেকে ঝরে না পরে, সে দিকে প্রত্যেক ওয়ার্ড কাউন্সিলর সজাগ থাকবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হলো।

**আলোচ্য সূচী-৩। GAP বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি বিষয়ে আলোচনা এবং অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে আলোচনা ঃ**

**আলোচনাঃ-** কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা মোঃ হাসানুজ্জামান সভায় বলেন, প্রকল্পের নির্দেশনা মোতাবেক GAP বাস্তবায়ন করে পৌর এলাকার নারীদের কর্মসংস্থানের পথ সৃষ্টি করা এবং নারী বান্ধব অবকাঠামো নির্মাণ সহ নারীদের সামাজের সকল কাজে অন্তর্ভূক্ত করা। আলোচনা কালে কমিটির সভাপতি মহোদয় জানান যে করোনা ভাইরাসের কারনে GAP বাস্তবায়ন করা কঠিন হয়ে পড়েছে, তারপরও স্বাস্থ্য বিধি মেনে চেষ্ঠা করা হয়েছে GAP বাস্তবায়ন করা। যেমন-দরিদ্র মহিলাদের মাঝে সাবান ও মাস্ক বিতরন, দরিদ্র মহিলাদের চিকিৎসা সহায়তা, নগদ আর্থিক সহায়তা সহ দরিদ্র ছাত্রীদের লেখাপড়ার জন্য বই বিতরণ করা হচ্ছে এবং পৌরসভা কর্তৃক গঠিত বিভিন্ন কমিটিতে সমাজের বিভিন্ন শ্রেণীর নারীদের অন্তর্ভূক্ত করা হয়েছে। ভবিষ্যতে পৌর এলাকার নারীদের উন্নয়নে আরো কার্যকর ব্যবস্থা গ্রহন করা হবে। বিষয়টি নিয়ে সদস্যদের মাঝে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ** GAP বাস্তবায়নের লক্ষ্যে পৌরসভা কর্তৃক ব্যয়কৃত টাকা প্রকল্পের নির্ধারিত ফরমে যথাযথভাবে পূরণ করে (জুলাই-সেপ্টেম্বর/২০২০) কোয়াটারের প্রতিবেদন প্রকল্প অফিসে যথা সময়ে প্রেরণ এর সিদ্ধান্ত গ্রহণ কর হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(স্বাক্ষর)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০২০-২০২১/ ২৮৪

তারিখ ঃ ১৪/০৯/২০২০

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ........................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

(স্বাক্ষর)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১৪/০৯/২০২০ ইং।
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | |
| ০৪ | মোঃ সাহেদুল আহসান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | |
| ০৬ | মোঃ সেলিমুর রহমান বাবুল | প্যানেল মেয়র-০১ ও কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-৪, জয়পুরহাট পৌরসভা | মেয়র কর্তৃক মনোনীত | |